# হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৫৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ মুসলিমদের দোষ-ত্রুটি গোপন রাখা জরুরী এবং বিনা প্রয়োজনে তা প্রচার করা নিষিদ্ধ

## আরবী

وَعَنهُ قَالَ : سَمِعتُ رَسُوْلَ اللهِ ﷺ يَقُولُ كُلُّ أُمَّتِي مُعَافى إلاَّ المُجَاهِرِينَ، وَإنّ مِنَ المُجَاهَرَةِ أن يَعْمَلَ الرَّجُلُ بالَّلَيل عَمَلاً ثُمَّ يُصبحُ وَقَدْ سَتَرَهُ اللهُ عَلَيهِ فَيقُولُ : يَا فُلانُ عَمِلتُ البَارِحَةَ كَذَا وَكَذَا وَقَدْ بَاتَ يَسْتُرُهُ رَبُّهُ وَيُصبحُ يَكْشِفُ سِتْرَ اللهِ عَنْه مُتَّفَقٌ عَلَيهِ

## বাংলা

(৩০৫৮) উক্ত সাহাবী থেকেই বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছি, ''আমার সকল উম্মত মাফ পাবে, তবে পাপ প্রকাশকারী ব্যতীত। আর এক প্রকার প্রকাশ এই যে, কোন ব্যক্তি রাতে কোন পাপকাজ করে, যা আল্লাহ গোপন রাখেন। কিন্তু সকাল হলে সে বলে বেড়ায়, 'হে অমুক! আমি আজ রাতে এই এই কাজ করেছি।' অথচ সে এমন অবস্থায় রাত্রি অতিবাহিত করেছিল যে, আল্লাহ তার পাপ গুপ্ত রেখেছিলেন। কিন্তু সে সকালে উঠে তার উপর আল্লাহর আবৃত পর্দা খুলে ফেলে!

## ফুটনোট

(বুখারী ৬০৬৯, মুসলিম ৭৬৭৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=66806

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন